

া পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩. ৬. ১৪. যীশুর ক্রশবহনকারীর বর্ণনায় বৈপরীত্য

কুশে চড়ানোর জন্য যীশুকে বধ্যভূমিতে নিয়ে যাওয়ার বর্ণনায় মথি ২৭/৩২ এর বক্তব্য: "আর বের হয়ে তারা শিমোন নামে এক জন কুরীণীয় লোকের দেখা পেল; তাকেই তাঁর কুশ বহন করার জন্য বাধ্য করলো।" (মো.-১৩)

লূক ২৩/২৬ বলছে: "পরে তারা তাঁকে নিয়ে যাচ্ছে, ইতোমধ্যে শিমোন নামে একজন কুরীণীয় লোক পলস্নীগ্রাম থেকে আসছিল, তারা তাকে ধরে তার কাঁধে ক্রুশ চাপিয়ে দিল, যেন সে ঈসার পিছনে পিছনে তা বহন করে।" (মো.-১৩)

কিন্তু ইউহোনা ১৯/১৭ লেখেছেন: "তখন তারা ঈসাকে নিল; এবং তিনি নিজে ক্রুশ বহন করতে করতে বের হয়ে মাথার খুলি নামক স্থানে গেলেন।" (মো.-১৩)

এখানে একই ঘটনার বর্ণনায় সুসমাচারত্রয়ের মধ্যে বৈপরীত্য সুস্পষ্ট। মথি ও লূকের বর্ণনা অনুসারে যীশুর কুশটা বহন করেন শিমোন নামের এ কুরীণীয় লোক। আর যোহনের বর্ণনা অনুসারে কুশটা বহন করেন যীশু নিজেই।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14051

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন